

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর

স্মারক নম্বর : প্রঃ দ্বঃ ফেল-০১/৮১৭/৮৪৭

তারিখ : ১৪ মে, ২০২০

বিষয়: যশোর শিক্ষা বোর্ড থেকে সেবা গ্রহণের জন্য ই-অফিস ও স্টুডেন্ট ম্যানেজমেন্ট সফটওয়্যারে অনলাইনে আবেদন দাখিল বা কোনো কাজ করার ক্ষেত্রে প্রশ্নব্যাংকে প্রশ্ন আপলোড থাকা আবশ্যিক শর্ত আরোপ প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, বিশ্বব্যাপী করোনা ভাইরাস (কোভিড-১৯) আক্রান্তের ফলে সংক্রমণের পথে বাংলাদেশেও স্কুল-কলেজ বৰ্ষ ঘোষণা করা হয়েছে। মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তরের উদ্যোগে চলমান শিক্ষাপ্রতিষ্ঠান বৰ্ককালীন যষ্ট থেকে দশম শ্রেণির পাঠদানের ধারাবাহিকতা রক্ষার লক্ষ্যে সংসদ বাংলাদেশ টেলিভিশন-এ বিষয়ভিত্তিক ক্লাস পরিচালনা করে আসছে। প্রতিষ্ঠান প্রধান ও শ্রেণিশিক্ষকগণের উদ্যোগেও চলছে অনলাইনে ক্লাস। শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে সকল শ্রেণিশিক্ষকের নিজ নিজ বিষয়ের পরীক্ষাভিত্তিক প্রশ্ন করার বাধ্যবাধকতা রয়েছে। এ লক্ষ্যে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশে যশোর শিক্ষা বোর্ড সম্পূর্ণ অনলাইনভিত্তিক সৃজনশীল প্রশ্নব্যাংক তৈরি করেছে। যষ্ট থেকে দশম শ্রেণির পরীক্ষাভিত্তিক প্রশ্ন আপলোডের লক্ষ্যে সফটওয়্যারে পাঠ্যসূচি বিভাজন করা হয়েছে। বক্সের এ সময়ে শ্রেণিশিক্ষকগণ বাড়িতে বসে মানসম্মত পরীক্ষাভিত্তিক প্রশ্ন প্রণয়ন করে সংরক্ষণ বা প্রশ্নব্যাংকে আপলোড করতে পারবেন।

উল্লেখ্য যে শিক্ষা সচিব মহোদয়ের উপস্থিতিতে যশোর শিক্ষা বোর্ডের অধীন ২০১৯ সালে অনুষ্ঠিত অর্ধ-বার্ষিক, বার্ষিক, প্রাক-নির্বাচনি ও নির্বাচনি পরীক্ষার সর্বাধিক মানসম্মত প্রশ্ন (নির্ভুল বানানসহ) আপলোডকারী সেরা ১০টি প্রতিষ্ঠানকে ১টি করে লেজার প্রিন্টার ও ১০ জন শিক্ষককে ১টি করে ট্যাব পুরস্কার প্রদান করা হয়েছে।

- ১। শ্রেণিশিক্ষকগণের পাঠ্যপুস্তকমূল্য, সৃজনশীল প্রশ্ন প্রণয়নে ও আইসিটিতে দক্ষতা বৃক্ষির লক্ষ্যে সকল শ্রেণিশিক্ষকের জন্য নিজ নিজ বিষয়ের পরীক্ষাভিত্তিক অন্তর্ভুক্ত ১ (এক) সেট রচনামূলক ও বহনির্বাচনী প্রশ্ন প্রণয়ন করে বাধ্যতামূলকভাবে আপলোডের জন্য নোটিশ প্রদান নিশ্চিত করবেন।
- ৩। প্রতিষ্ঠান প্রধানগণ এ নির্দেশনার আলোকে অধীনস্থ সকল শ্রেণিশিক্ষককে নিজ নিজ বিষয়ের পরীক্ষাভিত্তিক অন্তর্ভুক্ত ১ (এক) সেট রচনামূলক ও বহনির্বাচনী প্রশ্ন প্রণয়ন করে বাধ্যতামূলকভাবে প্রশ্নব্যাংকে আপলোডের জন্য নোটিশ প্রদান নিশ্চিত করবেন।
- ৪। যশোর শিক্ষা বোর্ড থেকে শিক্ষাপ্রতিষ্ঠান-প্রধানগণ সকল সেবা গ্রহণের জন্য অনলাইনে আবেদন করে থাকেন এবং ই-ফাইলের মাধ্যমে নিষ্পত্তি করা হয়ে থাকে। শিক্ষাপ্রতিষ্ঠান চালু হবার ১৫ (পনেরো) কর্মদিবস পর হতে বোর্ডে সেবা গ্রহণের জন্য ই-অফিস ও স্টুডেন্ট ম্যানেজমেন্ট সফটওয়্যারে অনলাইনে আবেদন দাখিল বা কোনো কাজ করার ক্ষেত্রে প্রশ্নব্যাংকে প্রশ্ন আপলোড থাকা আবশ্যিক শর্ত হিসেবে গণ্য হবে।
- ৫। প্রতি বছর মানসম্মত প্রশ্ন আপলোডকারী জেলা-উপজেলা/থানাভিত্তিক সেরা প্রতিষ্ঠান ও শিক্ষক নির্বাচন করে, পুরস্কার হিসেবে প্রিন্টার/শিক্ষা সামগ্রী প্রদান করা হবে।

বিঃ দ্বঃ- প্রশ্নব্যাংক সংক্রান্ত যে কোন প্রয়োজনে ০৪২১-৬৮৬৫১ এ নম্বরে যোগাযোগ এর জন্য অনুরোধ করা হল।

অধ্যক্ষ/প্রধানশিক্ষক

এ বোর্ড অনুমোদিত সকল নিম্ন মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক
বিদ্যালয়

(প্রফেসর ড. মোস্তাফা আমীর হোসেন)

চেয়ারম্যান

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

যশোর

স্মারক নম্বর:

তারিখ: ১৪ মে, ২০২০

সদয় অবগতি ও কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হল:

- ১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা
- ৩। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর খুলনা অঞ্চল
- ৪-৭। সচিব/পরীক্ষা নিয়ন্ত্রক/কলেজ পরিদর্শক/বিদ্যালয় পরিদর্শক মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, যশোর
- ৮। জেলা শিক্ষা অফিসার, যশোর/বিনাইদহ/সাতক্ষীরা/বাগেরহাট/মেহেরপুর/কুষ্টিয়া/চুয়াডাঙ্গা/নড়াইল/মাগুরা/খুলনা
- ৯। সভাপতি, যশোর শিক্ষা বোর্ডের অনুমোদিত সকল নিম্ন-মাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক বিদ্যালয়ের
ম্যানেজিং কমিটি/গভর্নিং বডি/এডহক কমিটি /নির্বাচী কমিটি
- ১০। অফিস কপি